# এইচএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ভূগোল: দ্বিতীয় পত্র

বিষয় কোড : ১ ২ ৬

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৪০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও।]*

**১.▶** নেপাল থেকে আগত কৈরালা নেপালের দক্ষিণে এবং ভারতের পূর্বে একটি দেশে মেডিকেল কলেজে পড়তে এসেছে। দেশটির দক্ষিণে বঙ্গোপসাগরের অবস্থান।

ক. মানব ভূগোল কাকে বলে? ১

খ. মানব ভূগোলের গুরুত্ব লেখ। ২

গ. উদ্দীপকে উল্লিখিত দেশটির ভৌগোলিক অবস্থান ও সীমানা উল্লেখ কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত দেশটির মানচিত্র অংকন করে প্রশাসনিক বিভাগগুলি দেখাও। ৪

**২.▶** শ্রেণিকক্ষে শিক্ষক জনসংখ্যা পড়াতে গিয়ে সম্পদের(সম্পদের) সাথে সম্পর্কিত একটি তত্ত্ব আলোচনা করলেন যেখানে কোন অঞ্চলের মাথাপিছু আয়ের হ্রাস-বৃদ্ধি ঘটতে পারে।

ক. জনসংখ্যা ঘনত্ব কি? ১

খ. ভূ-প্রকৃতি কিভাবে জনসংখ্যার বন্টনে প্রভাব বিস্তার করে? ২

গ. উদ্দীপকে উল্লিখিত তত্ত্বটি বিশ্লেষণ কর। ৩

ঘ. উদ্দীপকের উল্লিখিত তত্ত্বটি বাস্তবে প্রয়োগ সম্ভব কি না; ব্যাখ্যা কর। ৪

**৩.▶** জেলেরা মাছ বিক্রির জন্য সপ্তাহের একদিন গ্রামের বটতলার বসে। এছাড়াও পণ্য ব্যবসায়ীরা অনেক ধরনের পণ্যসামগ্রীর পসরা নিয়ে বসে। সেখানে সারা বছর সব সময় ক্রয়-বিক্রয় চলতে থাকে।

ক. গ্রামীন বসতি কাকে বলে? ১

খ. নদীর তীর বরাবর কি ধরণের বসতি গড়ে? তার বর্ণনা দাও। ২

গ. উদ্দীপকের বর্ণিত ক্রয়-বিক্রয়ের স্থানের গুরুত্ব ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত স্থান গড়ে ওঠার কারণ ব্যাখ্যা কর। ৪

**৪.▶** শিহাব জানে দক্ষিণ-পূর্ব এশিয়ার সার্কভূক্ত একটি দেশের অধিকাংশ মানুষই কৃষির উপর নির্ভরশীল। এই কৃষির উপর বিভিন্ন নিয়ামক প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রভাব বিস্তার করে।

ক. কৃষি বলতে কি বুঝ? ১

খ. বাংলাদেশের প্রধান অর্থকরী ফসলগুলো কি কি? ২

গ. উদ্দীপকে বর্ণিত দেশটির নাম উল্লেখপূর্বক দেশটির উন্নয়নে কৃষির ভূমিকা ব্যাখ্যা করা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত নিয়ামক কৃষিক্ষেত্রে যে প্রভাব ফেলে তা বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

৫.▶ লিজার ভাই মধ্যপ্রাচ্যে থাকেন। ভাইয়ের মাধ্যমে লিজা জানতে পারে সেখানে খনিজ সম্পদে সমৃদ্ধ এবং তরল সোনা নামে একটি খনিজ পাওয়া যায়।

ক. দুইটি খনিজ সম্পদের নাম লিখ। ১

খ. একটি খনিজ এলাকার পরিবেশ সংরক্ষণ প্রয়োজন কেন? ২

গ. উদ্দীপকে বর্ণিত এলাকার খনিজ সম্পদের গুরুত্ব বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকের তরল সোনা কোথায় পাওয়া যায় তা বিশ্ব মানচিত্র অংকন করে দেখাও। ৪

৬.▶ নজরুল একজন ব্যবসায়ী। তিনি বিভিন্ন পণ্য বিদেশে রপ্তানী করে প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জন করেন যা দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখে।

ক. রেমিট্যান্স কাকে বলে? ১

খ. বিশ্বের সর্বোচ্চ রপ্তানিকারক প্রধান দেশগুলো কি কি? ২

গ. মি. নজরুলের রপ্তানিকৃত পণ্যের উৎপাদন বৃদ্ধির গুরুত্ব ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত বৈদেশিক মুদ্রা অর্জনের ভূমিকা বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

# ভূগোল: দ্বিতীয় পত্র বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩৫ মিনিট　　পূর্ণমান — ৩৫　　বিষয় কোড : ১ ২ ৬

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. কোন দেশ লৌহ ও ইস্পাত শিল্পে পৃথিবীতে বিখ্যাত?
ক রুশ ফেডারেশন　খ জাপান
গ চীন　ঘ যুক্তরাষ্ট্র

২. বাংলাদেশে কয়টি চিনি কল আছে?
ক ১৬টি　খ ১৭টি
গ ১৮টি　ঘ ২০টি

৩. বাংলাদেশের রপ্তানি বাণিজ্যের শীর্ষে রয়েছে কোনটি?
ক পোশাক শিল্প　খ কাগজ শিল্প
গ সার শিল্প　ঘ পাট শিল্প

৪. পৃথিবীর কোন দেশ কার্পাস বয়ন শিল্পে প্রথম?
ক ভারত　খ চীন
গ যুক্তরাষ্ট্র　ঘ যুক্তরাজ্য

৫. বাংলাদেশের তৈরি পোশাকের সর্ববৃহৎ বাজার কোনটি?
i. যুক্তরাষ্ট্র　ii. জাপান
iii. ইউরোপীয় ইউনিয়ন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

৬. প্রাচ্যের ম্যানচেস্টার বলা হয় কাকে?
ক নাগাসাকি　খ ওসাকা
গ বেইজিং　ঘ তাইওয়ান

৭. পৃথিবীর অধিকাংশ ধান উৎপন্ন হয়—
ক চীন ও ভারতে　খ ভারত ও বাংলাদেশে
গ ইন্দোনেশিয়া ও থাইল্যান্ড
ঘ চীন ও জাপানে

৮. আধুনিক কৃষি ব্যবস্থায় ব্যবহৃত হয়—
i. কাঠের লাঙল ও পশু
ii. বুলডোজার ও পাওয়ার পাম্প
iii. পাওয়ার টিলার ও হারভেস্টার
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

৯. কৃষিকাজ কোন ধরনের অর্থনৈতিক কর্মকাণ্ড?
ক প্রথম পর্যায়ের　খ দ্বিতীয় পর্যায়ের
গ তৃতীয় পর্যায়ের　ঘ চতুর্থ পর্যায়ের

১০. প্রগাঢ় কৃষি পদ্ধতির বৈশিষ্ট্য—
i. জন ঘনত্বের তুলনায় কৃষিজমি কম
ii. কৃষিকাজে শ্রমিক নিয়োগ বেশি
iii. জন ঘনত্বের তুলনায় কৃষিজমি বেশি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ ii ও iii
গ i ও iii　ঘ i, ii ও iii

১১. বাংলাদেশের ওপর দিয়ে কোন ভৌগোলিক রেখাটি অতিক্রম করেছে?
ক কর্কটক্রান্তি রেখা　খ মকরক্রান্তি রেখা
গ বিষুব রেখা　ঘ মূল মধ্যরেখা

১২. মানব ভূগোল যে প্রশ্নের উত্তর খুঁজছে—
i. বৈচিত্র্যময় পরিবেশে মানুষ কিভাবে বাস করছে
ii. মানুষের জীবনযাত্রার ভিন্নতার কারণ কী
iii. পৃথিবীর উপরিভাগের দৃশ্য কেমন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ ii ও iii
গ i ও iii　ঘ i, ii ও iii

১৩. সার্কভুক্ত দেশ কয়টি?
ক ৬টি　খ ৭টি
গ ৮টি　ঘ ৯টি

১৪. বাংলাদেশের অধিকাংশ শহরের অন্যতম সমস্যা কোনটি?
ক বস্তি　খ অধিক যানবাহন
গ স্বল্প আয়তন　ঘ রাস্তাঘাটের স্বল্পতা

১৫. ঐতিহ্যগতভাবে হাট কীসের ভিত্তি?
ক গ্রামীণ অর্থনীতির　খ গ্রামীণ সমাজের
গ গ্রামীণ সংস্কৃতির　ঘ গ্রামীণ ব্যবহারের

১৬. বাংলাদেশের বড় নগর সমূহে জনসংখ্যা বৃদ্ধির ফলে নগরের পানি ও পয়োনিষ্কাশন সমস্যা মারাত্মক আকার ধারণ করে। নগরের এ সমস্যার কারণ হিসেবে বলা যায়—
i. নগরে পাকা স্থাপনার পরিমাণ বৃদ্ধি
ii. নগরে বৃষ্টিপাত বেশি হওয়া
iii. বিভিন্ন খাল, নদী ও পুকুর ভরাট হয়ে যাওয়া
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

http://teachingbd.com

১৭. বিক্ষিপ্ত গ্রামীণ বসতি গড়ে ওঠার কারণ হলো—
i. ভূ-প্রকৃতি, মাটি ও পানি
ii. বনাঞ্চল ও পশুচারণ
iii. সামাজিক ও প্রতিরক্ষা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

১৮. কৃষিকাজে প্রাকৃতিক নিয়ামক কোনটি?
ⓚ শ্রমিক ⓚ মূলধন
ⓖ মৃত্তিকা ⓖ পরিবহন

১৯. ধানের বৈজ্ঞানিক নাম কী?
ⓚ *ORYZA SATIVA*
ⓚ *TRITICUM SATIVUM*
ⓖ *LIBIA COLOMBUS*
ⓖ *HOMO IRECTUS*

২০. ধানের আধার (Rice bowl) বলা হয় কোন প্রদেশকে?
ⓚ হোয়াংহো ⓚ ইয়াংসিকিয়াং
ⓖ সেচুয়ান ⓖ হুনান

২১. নিচের কোনটি ধাতব খনিজ?
ⓚ কয়লা ⓚ লৌহ
ⓖ প্রাকৃতিক গ্যাস ⓖ চুনাপাথর

২২. পৃথিবীর প্রধান খনিজ তেল উত্তোলনকারী দেশ কোনটি?
ⓚ আমেরিকা যুক্তরাষ্ট্র ⓚ সৌদি আরব
ⓖ রুশ ফেডারেশন ⓖ চীন

২৩. বাংলাদেশের সর্ববৃহৎ গ্যাসক্ষেত্র কোনটি?
ⓚ বাখরাবাদ ⓚ হরিপুর
ⓖ তিতাস ⓖ ছাতক

২৪. বাংলাদেশের প্রধান খনিজ সম্পদ কোনটি?
ⓚ খনিজ তেল ⓚ প্রাকৃতিক গ্যাস
ⓖ চুনাপাথর ⓖ শ্বেতমৃত্তিকা

২৫. ইউরিয়া সার কারখানায় কোন খনিজ সম্পদ কাঁচামাল হিসেবে ব্যবহৃত হয়?
ⓚ চুনাপাথর ⓚ প্রাকৃতিক গ্যাস
ⓖ কয়লা ⓖ আকরিক লৌহ

২৬. বিশ্বের খনিজ তেলের বাণিজ্য নিয়ন্ত্রণ করে কোন সংস্থাটি?
ⓚ UNO ⓚ UNDP
ⓖ OPEC ⓖ UNESCO

২৭. প্রাকৃতিক গ্যাস ব্যবহৃত হয়—
i. বিভিন্ন শিল্প কারখানায়
ii. তাপ বিদ্যুৎকেন্দ্রে
iii. গৃহস্থালির জ্বালানি হিসেবে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ i ও ii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৮. মানব ভূগোলের ক্ষেত্র কয়টি উপাদানে গঠিত?
ⓚ ২টি ⓚ ৩টি
ⓖ ৪টি ⓖ ৫টি

২৯. পৃথিবীর বৃহত্তম ও ক্ষুদ্রতম মহাদেশ কোনটি?
ⓚ আফ্রিকা ও ওশেনিয়া
ⓚ এশিয়া ও দক্ষিণ আফ্রিকা
ⓖ এশিয়া ও ওশেনিয়া
ⓖ ইউরোপ ও ওশেনিয়া

৩০. মানব ভূগোলের মূল আলোচ্য বিষয়বস্তু কী?
ⓚ মানুষ ⓚ পরিবেশ
ⓖ রাজনীতি ⓖ অর্থনীতি

৩১. বাংলাদেশের উত্তরে ভারতের—
i. পশ্চিমবঙ্গ ii. আসাম
iii. মেঘালয় রাজ্য
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

৩২. রাজশাহী বিভাগের অন্তর্ভুক্ত জেলা হলো—
i. বগুড়া ও জয়পুরহাট
ii. গাইবান্ধা ও কুড়িগ্রাম
iii. পাবনা ও সিরাজগঞ্জ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৩৩. মায়ানমারের সাথে বাংলাদেশের সীমান্ত কত?
ⓚ ৭৩২ কি.মি. ⓚ ১৫০ কি.মি.
ⓖ ১৮০ কি.মি. ⓖ ২৮০ কি.মি.

৩৪. কোন সম্পর্কটিকে কাম্য জনসংখ্যা বলা হয়?
ⓚ মানুষ ও বনজ সম্পদের ভারসাম্য
ⓚ মানুষ ও ভূমির ভারসাম্য
ⓖ মানুষ ও খনিজ সম্পদের ভারসাম্য
ⓖ মানুষ ও শিল্পের ভারসাম্য

৩৫. কত বছর পর্যন্ত সাধারণত নারীদের প্রজনন ক্ষমতা থাকে?
ⓚ ১৫-৪৯ বছর ⓚ ১৫-৫২ বছর
ⓖ ১৫-৫৫ বছর ⓖ ১৫-৫৭ বছর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | গ | ৩ | ক | ৪ | ক | ৫ | খ | ৬ | খ | ৭ | ক | ৮ | গ | ৯ | ক | ১০ | ক | ১১ | ক | ১২ | ক | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | ক | ১৬ | খ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | ক | ২০ | খ |
| | ২১ | খ | ২২ | গ | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | ক | ৩১ | ঘ | ৩২ | ঘ | ৩৩ | ঘ | ৩৪ | খ | ৩৫ | ক | | | | | | | | | | |

http://teachingbd.com